গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের মাসিক সম্মানী ভাতা, প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানী, কার্যালয় ভাড়া ভাতা (ভাড়ায় কার্যালয় পরিচালনার ক্ষেত্রে), অফিস ব্যবস্থাপনা ভাতা পুন:নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ
তারিখ ও সময় : ১২ জানুয়ারি ২০২৩ বৃহস্পতিবার, সকাল ১০:৩০ টা
স্থান : সভাকক্ষ, স্থানীয় সরকার বিভাগ
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি সভা আয়োজনের প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের মাসিক সম্মানী ভাতা, প্রতি সভায় উপস্থিতির সম্মানী, কার্যালয় ভাড়া ভাতা, অফিস ব্যবস্থাপনা ভাতা বৃদ্ধি করার লক্ষ্যে সর্বপ্রথম ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে গত ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে একটি প্রস্তাব পাওয়া যায়। প্রস্তাবটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ দাখিলের জন্য ০২ জুন ২০২১ তারিখে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর নেতৃত্বে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক সিটি কর্পোরেশনের প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে কাউন্সিলরগণের মাসিক সম্মানী ভাতাসহ অন্যান্য ভাতাদি কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নবর্ণিত হারে পুনঃনির্ধারণের সম্মতি/মতামত প্রদানের জন্য এ বিভাগের গত ২২ আগস্ট ২০২২ তারিখের ৮১৩নং স্মারকে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়:

| ক্র. | ভাতা | বিদ্যমান মাসিক সম্মানী ও অন্যান্য ভাতার হার | প্রস্তাবিত হার |
|---|---|---|---|
| ১. | মাসিক সম্মানী ভাতা | ৩৫,০০০.০০ টাকা | ৫০,০০০.০০ টাকা |
| ২. | প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানী | ৫০০.০০ টাকা (তবে মাসিক সর্বোচ্চ ২,০০০.০০ টাকা) | ১,০০০.০০ টাকা (তবে মাসিক সর্বোচ্চ ৪,০০০ টাকা) |
| ৩. | কার্যালয় ভাড়া ভাতা (ভাড়ায় কার্যালয় পরিচালনার ক্ষেত্রে) (মাসিক) | (ক) ৮,০০০ টাকা (ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্ষেত্রে);<br>(খ) ৫,০০০ টাকা (অন্যান্য সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) | (ক) ২০,০০০.০০ টাকা (ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ক্ষেত্রে);<br>(খ) ১৫,০০০.০০ টাকা (অন্যান্য সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) |
| ৪. | অফিস ব্যবস্থাপনা ভাতা (মাসিক) | (ক) ৪,০০০ টাকা (ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্ষেত্রে);<br>(খ) ২,০০০ টাকা (অন্যান্য সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) | ৬,০০০.০০ টাকা |

প্রস্তাবটি নিষ্পত্তির সুবিধার্থে অর্থ বিভাগ হতে গত ০৯ নভেম্বর ২০২১ তারিখের ১৫১নং পত্রে ১১(এগার)টি বিষয়ে তথ্য চাওয়া হয়। এ বিষয়ে এ বিভাগে গঠিত কমিটির গত ১০ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় অর্থ বিভাগের চাহিত তথ্য প্রেরণের জন্য সকল সিটি কর্পোরেশনকে অনুরোধ জানানো হয়। সিটি কর্পোরেশনসমূহ হতে প্রাপ্ত তথ্য/প্রস্তাবনাসমূহ পর্যালোচনার মাধ্যমে এ বিভাগের মতামত চূড়ান্তকরণের লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভাটি পরিচালনা করার জন্য উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের মাসিক সম্মানী ভাতা, প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানী, কার্যালয় ভাড়া ভাতা (ভাড়ায় কার্যালয় পরিচালনার ক্ষেত্রে), অফিস ব্যবস্থাপনা ভাতা পুন:নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে সিটি কর্পোরেশনসমূহ হতে ইতোমধ্যে মতামত/তথ্য সংগ্রহ করা হয়েছে। বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সিটি কর্পোরেশনসমূহ হতে প্রাপ্ত তথ্য/মতামতসমূহ অর্থ বিভাগের চাহিদা অনুযায়ী সন্নিবেশ করে সমন্বিত প্রতিবেদন আকারে প্রস্তুত করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত সমন্বিত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে মতামত/পরামর্শ প্রদানের জন্য সভায় উপস্থিত কমিটির সদস্যগণকে অনুরোধ জানান।

৩. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সচিব জনাব আকরামুজ্জামান বলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি আরো বেশি হারে সম্মানী ভাতা বৃদ্ধির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্ধারণকৃত প্রস্তাবিত সম্মানীর হার সার্বিক দিক বিবেচনায় যৌক্তিক পর্যায়ে রয়েছে মর্মে তিনি জানান। তিনি আরো বলেন, বর্তমানে সিটি কর্পোরেশনসমূহের রাজস্ব আয় তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। প্রস্তাবিত হারে কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি বৃদ্ধি করা হলে তার ব্যয় নির্বাহ করার সক্ষমতা বর্তমানে সকল সিটি কর্পোরেশনের রয়েছে। তিনি সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি প্রস্তাবিত হারে বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।

৪. অর্থ বিভাগের যুগ্মসচিব জনাব মনির হোসেন চৌধুরী বলেন, সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি পুন:নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের লক্ষ্যে প্রতিটি সিটি কর্পোরেশনের বার্ষিক আয়ের তথ্যচিত্রসহ প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন, ভাড়ার পরিবর্তে সিটি কর্পোরেশনসমূহের নিজস্ব জায়গায় কাউন্সিলরদের কার্যালয় স্থাপনের লক্ষ্যে তাদেরকে উৎসাহিত/নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

৫. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক বলেন, সিটি কর্পোরেশনে ০৩(তিন)টি সাধারণ ওয়ার্ডের বিপরীতে ০১(এক) জন সাধারণ আসনের কাউন্সিলর রয়েছেন। সংরক্ষিত আসনের কাউন্সিলরের কার্যালয় ০৩(তিন)টি সাধারণ ওয়ার্ডের মধ্যে কোন ওয়ার্ডে স্থাপন করা যৌক্তিক হবে সে বিষয়ে পরামর্শ প্রদানসহ তিনি কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের জন্য অনুরোধ জানান।

৬. এ পর্যায়ে সভাপতি বলেন, কর্পোরেশনের সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী সংরক্ষিত আসনের কাউন্সিলরদের ওয়ার্ড কার্যালয় স্থাপনের বিষয়টি নিষ্পত্তি করা যেতে পারে। তিনি আরো বলেন, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৮২ অনুযায়ী ৪র্থ তফসিলে বর্ণিত ২৬(ছাব্বিশ)টি খাতে সিটি কর্পোরেশনসমূহ বিভিন্ন কর/ফি আদায় করে আসছে। এর ফলে সিটি কর্পোরেশনসমূহের নিজস্ব আয় বৃদ্ধি পেয়েছে। কিছু ক্ষেত্রে নতুন খাত সৃষ্টি করা হয়েছে। সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় ভাড়ার পরিবর্তে সিটি কর্পোরেশনসমূহের নিজস্ব জায়গায় কাউন্সিলরদের ওয়ার্ড কার্যালয় স্থাপনের জন্য তাদেরকে নির্দেশনা প্রদান করতে হবে। কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি বৃদ্ধি করা হলে অতিরিক্ত ব্যয়িত অর্থ নির্বাহ করার সক্ষমতা সিটি কর্পোরেশনসমূহের রয়েছে। এ বিষয়গুলো অর্থ বিভাগের চাহিত তথ্যের প্রতিবেদনে অন্তর্ভুক্ত করে কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি বৃদ্ধির প্রস্তাবে সম্মতি প্রদানের জন্য অর্থ বিভাগকে পুনরায় অনুরোধ জানাতে হবে।

৭. সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | সিটি কর্পোরেশনসমূহের আয় বৃদ্ধি পাওয়ায় অতিরিক্ত ব্যয় নির্বাহের সক্ষমতা অর্জন, ২০১৭ সালের পর সম্মানী/ভাতা বৃদ্ধি না হওয়া, দ্রব্যমূল্যের ক্রমাগত উর্দ্ধগতি, বাড়ি ভাড়া বৃদ্ধি, জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি ইত্যাদি বিষয়গুলো তুলে ধরে অর্থ বিভাগের চাহিত তথ্যের সমন্বিত প্রতিবেদন চূড়ান্ত করতে হবে এবং তা মাননীয় মন্ত্রী'র অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | (১) নগর উন্নয়ন অনুবিভাগ<br>(২) সিটি কর্পোরেশন-১ শাখা। |
| ২. | মাননীয় মন্ত্রী'র অনুমোদনের পর সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের সম্মানীসহ অন্যান্য ভাতাদি পুন:নির্ধারণে সম্মতি প্রদানের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | (১) নগর উন্নয়ন অনুবিভাগ<br>(২) সিটি কর্পোরেশন-১ শাখা। |
| ৩. | সিটি কর্পোরেশনসমূহের রাজস্ব আয় বৃদ্ধির মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় ভাড়ার পরিবর্তে সিটি কর্পোরেশনসমূহের নিজস্ব জায়গায় ওয়ার্ড কার্যালয় স্থাপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল);<br>(২) সিটি কর্পোরেশন-১ শাখা। |

৮. পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৭/২

(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০২.২১-৮৪/১(৩০) | তারিখ: ১০ মাঘ ১৪২৯ / ২৪ জানুয়ারি ২০২৩

**বিতরণ-কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ......................... সিটি কর্পোরেশন (সকল), ঢাকা।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ঢাকা দক্ষিণ/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৫. উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মেয়রের একান্ত সচিব, .............................সিটি কর্পোরেশন (সকল) (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
১০. অফিস কপি।

২৪.০১.২০২৩

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মোবাইল: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd